দৈনিক ইনকিলাব

28 MAR 2003
১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২০০৩ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সমাজের সর্বস্তরের জনসাধারণসহ সংশ্লিষ্ট সকলের প্রতি যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের আহ্বান ঃ

**সমাজের সর্বস্তরের জনসাধারণের প্রতি ঃ**

- দলমত নির্বিশেষে নকল প্রতিরোধে এগিয়ে আসুন।
- নকলের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলুন।
- শিক্ষাঙ্গনে নকল প্রতিরোধে ঐক্যবদ্ধ হোন।
- নকলমুক্ত পরীক্ষা চাই, দেশের ভবিষ্যৎ গড়তে চাই।

**কেন্দ্র সচিবদের প্রতি ঃ**

- কেন্দ্র এবং নকল একসাথে থাকতে পারে না।
- কেন্দ্র রাখতে হলে নকলমুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে।
- নকলকে প্রশ্রয় দেয়া শাস্তিযোগ্য অপরাধ।

**শিক্ষকদের প্রতি ঃ**

- শিক্ষক হিসাবে নকলে সহায়তা প্রদান করলে,
  ক) বহিষ্কৃত, বেতন-ভাতাদি বন্ধ ও চাকুরীচ্যুত হতে পারেন।
  খ) নিজের ও পরিবারের সামাজিক মর্যাদা ক্ষুণ্ন ও আর্থিক অনটন সৃষ্টি হতে পারে।
  গ) শিক্ষক হিসেবে নকলের সহায়তা করে অভিযুক্ত হওয়া সমগ্র শিক্ষিত সমাজের জন্য কলঙ্কস্বরূপ।

**পরীক্ষার্থীদের প্রতি ঃ**

- নকল করে বহিষ্কৃত হলে শিক্ষা জীবন ধ্বংস হয়।
- পরীক্ষায় নকলকারী সমাজে ঘৃণিত হয়।
- নকল করে পাস করলে কর্মজীবনে সফলতা আসে না।
- ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে কারাদণ্ড অথবা অর্থদণ্ড কিংবা উভয় দণ্ডে দণ্ডিত হতে পারে। পরবর্তীকালে সমাজের প্রতিটি স্তরে প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হবে।
- নকল করে পরীক্ষা পাস, ডেকে আনে সর্বনাশ।
- নকল করে পরীক্ষা পাসের দুর্বলতা আজীবন বয়ে বেড়াতে হয় এবং এজন্য কর্মজীবনে পদে পদে লজ্জিত ও বিব্রত হতে হয়।

**নকলে সহায়তাকারীদের প্রতি ঃ**

- নকলকারী যতটা অপরাধী, সহায়তাকারী তার চেয়ে বেশী অপরাধী।
- নকলে সহায়তাকারী সমাজের কাছে ঘৃণার পাত্র।
- পরীক্ষার হলে নকল সরবরাহ করলে, প্রশ্নপত্র ফাঁস, প্রকাশ বা বিতরণ করলে অথবা নকলে সহায়তা করলে কারাদণ্ড, অর্থদণ্ড কিংবা উভয়বিধ দণ্ড হতে পারে।

সচেতন অভিভাবক, কোমলমতি শিক্ষার্থী, নিবেদিতপ্রাণ শিক্ষক ও সুশীল সমাজের প্রতি আহবান ঃ

'আসুন আমরা সবাই মিলে পরীক্ষার সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশ গঠনে সহযোগিতা করি এবং জাতিকে সুস্থ শিক্ষা ব্যবস্থা উপহার দেই।'

ডিএফপি-৭১১৩-২৪/৩
জি-২৩০১/০৩ (৮" X৩)

**প্রফেসর এ, বি, এম, সাত্তার**
চেয়ারম্যান
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
যশোর।